



## জাতীয় মানবাধিকার কমিশন

(জাতীয় মানবাধিকার কমিশন আইন ২০০৯ দ্বারা গঠিত সংবিধিবদ্ধ স্বাধীন প্রতিষ্ঠান)  
গুলফেশ্চি প্লাজা, ৮ শহীদ সাংবাদিক সেলিমা পারভিন সড়ক, মগবাজার ঢাকা-১২১৭  
চেয়ারম্যান # ৯৩৩৫৫১৩, সার্বক্ষণিক সদস্য # ৯৩৩৬৩৬৯, সচিব # ৯৩৩৬৮৬৩  
ফ্যাক্স # ৮৩৩৩২১৯, ই-মেইল: [nhrc.bd@gmail.com](mailto:nhrc.bd@gmail.com)

স্মারক নং: **জ্ঞানকর্ম/প্রেস: বিজ্ঞ: /২৩১/২৩ - নং১৩**  
প্রেস বিজ্ঞপ্তি

তারিখ: ২ আগস্ট, ২০১৬

### জাতীয় মানবাধিকার কমিশনের নতুন চেয়ারম্যান হিসেবে নিয়োগ পেলেন<sup>১</sup> কাজী রিয়াজুল হক

জাতীয় মানবাধিকার কমিশনের নতুন চেয়ারম্যান হিসেবে নিয়োগ পেলেন কাজী রিয়াজুল হক। আজ এক সরকারি প্রজ্ঞাপনের মাধ্যম মহামান্য রাষ্ট্রপতি তাঁকে আজ এ পদে নিয়োগ দেন।

কাজী রিয়াজুল হক মানবাধিকার বিষয়ে এক দশক ধরে একনিষ্ঠভাবে কাজ করছেন। কমিশনের চেয়ারম্যান হিসেবে নিয়োগ পাওয়ার পূর্বে তিনি জাতীয় মানবাধিকার কমিশনের সার্বক্ষণিক সদস্য হিসেবে ২০১৬ সালের ২২ জুন পর্যন্ত সফলতার সঙ্গে দায়িত্ব পালন করেন।

কাজী রিয়াজুল হক ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে স্নাতকোত্তর ডিপ্লি অর্জনের পর ১৯৭৩ সালে বাংলাদেশ সিভিল সার্ভিসে যোগদান করেন। তিনি ৩০ বছর ধরে বাংলাদেশ সরকারের বিভিন্ন গুরুত্বপূর্ণ পদে থাকাকালিন দাপ্তরিক কাজের পাশাপাশি মানবাধিকার প্রতিষ্ঠায় কাজ করেন।

ধন্যবাদসহ,

 '০২/০৮/১৬

....., জাতীয় মানবাধিকার কমিশন  
ফোন: ০২-৯৩৪৭৯৭৭